# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
# Date: 27-04-2025
# Time: 07:55-08:05 PM Hrs
# BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন কি বাত অনুষ্ঠানে বলেছেন, পেহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার ঘটনার অপরাধী ও তাদের পৃষ্ঠপোষকদের কঠোর জবাব দেওয়া হবে |**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা কর্মচারীদের বিভিন্ন জনকল্যাণ মূলক প্রকল্পের কাজ স্বচ্ছতার সঙ্গে করার জন্য আহ্বান জানিয়েছেন |**

**(৩) কলকাতার নিকো পার্ক কতৃপক্ষ জিরানিয়ার শচিন্দ্র নগরে ইকো পার্ক নির্মানে সহায়তা করবে- জানিয়েছেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী|**

**(৪) গুয়াহাটিতে আয়োজিত উত্তর-পূর্ব লিটল্ মাস্টার ট্রফি ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনালে আগামীকাল ত্রিপুরা মেঘালয়ের বিরুদ্ধে খেলবে।**

*****************************************************

## Maan Ki Baat:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জোর দিয়ে বলেছেন, গত ২২শে এপ্রিল পেহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার ঘটনায় অপরাধী ও তাদের পৃষ্ঠপোষকদের কঠোর জবাব দেওয়া হবে| আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী পেহেলগাঁও-এর ঘটনায় ক্ষোভ প্রকাশ করে বলেন এর ঘটনা সন্ত্রাসবাদের পৃষ্ঠপোষকদের হতাশা ও কাপুরুষতার পরিচায়ক| কাশ্মীরে শান্তি ফিরিয়ে আনা, গনতন্ত্রের সশক্তিকরন ও পর্যটনের বিকাশ ভারত বিদ্বেষী ও জম্মু কাশ্মীরের

শত্রুদের কাছে অসন্তোষের কারন হয়ে দাঁড়িয়েছিল| কাশ্মীরকে আবারও ধ্বংস করার উদ্দেশ্যে এ ধরনের সন্ত্রাসবাদী কার্যকলাপে লিপ্ত হয়েছে তারা|

########## Byte P.M ##########

প্রধানমন্ত্রী বলেন, ভারত তার মহাকাশ ক্ষেত্রকে ব্যক্তিগত উদ্যোগের জন্যও উন্মুক্ত করেছে| এই ক্ষেত্রে দশ বছর আগে যেখানে মাত্র একটি কোম্পানি ছিল আজ তা বেড়ে হয়েছে ৩২৫| প্রধানমন্ত্রী মায়ানমারে বিধ্বংসী ভুমিকম্পে ক্ষতিগ্রস্থদের উদ্ধারে অপারেশন ব্রহ্মে অংশগ্রহণকারী ভারতীয় উদ্ধারকারী দলের ভূয়সী প্রশংসা করেন|

*****************************

## Maan ki Baat -CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ  প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মন কি বাত'-এর ১২১ তম পর্বটি বামুটিয়া কামালঘাট এলাকার ১৭ নং বুথের নাগরিকদের সঙ্গে শোনেন। মুখ্যমন্ত্রী কামালঘাট স্কুলে ‘এক পের মা কে’ নাম কর্মসূচির অঙ্গ হিসেবে একটি পদ্ম ফুলের চারা রোপন করেন।

*****************************

## Offer of Appointment distribution/ CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০১৮-১৯ থেকে ২০২৫ সালের এপ্রিল মাস পর্যন্ত ১৬ হাজার ৯৪২ জনকে স্বচ্ছতার নিরিখে সরকারি চাকুরী প্রদান করা হয়েছে৷ শুধুমাত্র ২০২৫ সালের এপ্রিল মাস পর্যন্ত ৩,২৯৬ জনকে সরকারি চাকুরী দেওয়া হয় ৷আজ আগরতলার রবীন্দ্র ভবনে বিভিন্ন দপ্তরে ৪৭৯ জনকে অফার প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন ।

########## Byte C.M ##########

আজকের অনুষ্ঠানে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরে সিডিপিও, আইসিডিএস সুপারভাইজার পদে ১২৬ জন, পূর্ত দপ্তরে জুনিয়র ইঞ্জিনীয়ার পদে ১৯৭ জন, ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, ক্যাশ-কাম জেনারেল ক্লার্ক এবং মাল্টি টাস্কিং স্টাফ পদে ১৫৬ জন মিলিয়ে মোট ৪৭৯ জনকে অফার প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়, সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক কিশোর বর্মন, রাজ্য সরকারের মুখ্য সচীব জে কে সিনহা সহ অন্যান্যরা।

*****************************

**Sushanta Chowdhury:**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ কলকাতায় জিরানীয়ার শচীন্দ্রনগর কলোণীতে অত্যাধুনিক একটি ইকো পার্ক নির্মাণের বিষযে নিকো পার্কের ম্যানেজিং কমিটির উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন।রাজ্য পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগীও বৈঠকে উপস্থিত ছিলেন। নিকো পার্কের কর্মকর্তারা জিরানীয়ার শচীন্দ্রনগরে পার্কটি নির্মাণ ও সজ্জিত করার জন্য পর্যটন বিভাগকে সম্ভাব্য সকল সহায়তা প্রদান করার আশ্বাস দিয়েছেন।

*****************************

**TRBT:**

টিচার্স রিক্রুটম্যান্ট বোর্ড অফ ত্রিপুরা TRBT পরিচালিত টেট-২ পরীক্ষা আজ অনুষ্ঠিত হয়| বোর্ডের চেয়ারম্যান প্রত্যুষ রঞ্জন দেব জানান, রাজ্যের আটটি জেলার ১১৯টি কেন্দ্রে আজ টেট-২ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই পরীক্ষায় আবেদনকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩৫ হাজার ১৪৮ জন|

সিপাহীজলা জেলায় ৪,৫১৬ জন পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছেন বলে জানিয়েছেন জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক|

গোমতি জেলায় শিক্ষা আধিকারিক বিকাশ নাথ জানান, ওই জেলায় ৩,৯৮৩ জন পরীক্ষা দিয়েছেন|

দক্ষিন জেলায় টেট-২ পরীক্ষায় ৪,৮৬৯ জন  পরীক্ষার্থী পরীক্ষায় বসেছেন বলে জানিয়েছেন ভারপ্রাপ্ত শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার|

ঊনকোটি জেলার শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার জানান, ১,৯৭১ জন পরীক্ষার্থী পরীক্ষায় বসেছেন|

*****************************

**Teacher - show cause:**

বিদ্যালয় শিক্ষাদপ্তর সিপাহীজলা জেলার তেইশটি বিদ্যালয়ের ১৮ জন প্রধান শিক্ষক ও শিক্ষকের বিরুদ্ধে শোকজ নোটিশ জারির সিদ্ধান্ত নিয়েছে। তাছাড়া দশ জন শিক্ষকের বেতন সাময়িকভাবে স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। বিদ্যালয়ের শিক্ষা অধিকর্তার নেতৃত্বে গতকাল সিপাহীজলা জেলার তেইশটি বিদ্যালয়ে  আকস্মিক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে কর্তব্যে গাফিলতির দায়ে সংশ্লিষ্ট শিক্ষকদের চিহ্নিত করা হয়। সরকারি সূত্রে আজ এ খবর জানা গেছে।

*****************************

**SFI:**

এসএফআই-এর রাজ্য সম্মেলনকে কেন্দ্র করে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী, এসএফআই-এর রাজ্য

সভাপতি সুলেমান আলি প্রমুখ। উল্লেখ্য, আগামী তিন ও চার জুন এসএফআই-এর ২১ তম রাজ্য সম্মেলন কৈলাশহরে অনুষ্ঠিত হবে।

*****************************

**Felicitation:**

ত্রিপুরা আর্ট সোসাইটি'র উদ্যোগে আজ কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে সংবর্ধনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়| উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস ।উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ প্রমুখ। অনুষ্ঠানে কয়েকজন প্রয়াত চিত্রশিল্পীর পরিবারকে সংবর্ধনা জ্ঞাপন এবং বিভিন্ন সময়ের অঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

*****************************

**Bangladeshi:**

খোয়াই চেরমা নাকা পয়েন্টে আজ একটি গাড়িতে তল্লাশি চালিয়ে  তিনজন বাংলাদেশীকে গ্রেফতার করেছে পুলিশ।এদের মধ্যে একটি শিশু ও একজন মহিলাও রয়েছে।

*****************************

**Arrest:**

সিপাহীজলা জেলার সোনামুড়ার পি.এম শ্রী নবদ্বীপ চন্দ্র ইনস্টিটিউশন ও সোনামুড়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের  চুরিকাণ্ডে গত ২ দিনে মোট ৬ জন অভিযুক্তকে গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে সোনামুড়া থানার পুলিশ। গত বৃহস্পতিবার একই রাতে ২টি বিদ্যালয় থেকে চোরের দল নগদ অর্থ সহ বিভিন্ন জিনিসপত্র নিয়ে যায়| চুরি যাওয়া কিছু জিনিসপত্র উদ্ধার করেছে পুলিশ।

*****************************

**Master Cricket:**

প্রথমবারের মত গুয়াহাটিতে আয়োজিত উত্তরপূর্ব লিটল্ মাস্টার ট্রফি ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনালে আগামীকাল ত্রিপুরা খেলবে মেঘালয়ের বিরুদ্ধে। গুয়াহাটির আসাম ক্রিকেট এসোসিয়েশনের ক্রিকেট একাডেমি মাঠে সীমিত ওভারের এই ম্যাচটি হবে।

*****************************

**Women Cricket:**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক সিনিয়র টি-২০ ক্রিকেটের আসর আগামী ২৯ এপ্রিল থেকে শুরু হচ্ছে। আসরে মোট ১৫টি দল অংশ নিয়েছে। তিনটি গ্রুপে লড়াইয়ের পর নকআউট পদ্ধতিতে আসরের খেতাবের বিষয়টি ফয়সলা হবে।

*****************************

**Weather:**

রাজ্যের আকাশ আগামী ২৪ ঘন্টা সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে| তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে| আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস ও সর্বনিম্ন তাপমাত্রা ২২.৬ ডিগ্রি সেলসিয়াস|

*****************************

*****************************